# আল-মুদ্দাসসির | Al-Muddathir | ٱلْمُدَّثِّر

আয়াতঃ ৭৪ : ৫

## আরবি মূল আয়াত:

وَ الرُّجزَ فَاهجُر ﴿٥﴾

## অনুবাদসমূহ:

আর অপবিত্রতা বর্জন কর। — আল-বায়ান

(যাবতীয়) অপবিত্রতা থেকে দূরে থাক। — তাইসিরুল

অপবিত্রতা হতে দূরে থাক। — মুজিবুর রহমান

And uncleanliness avoid — Sahih International

### ৫. আর শির্ক পরিহার করে চলুন(১),

(১) আয়াতে উল্লেখিত الرجز শব্দের এক অর্থ, শাস্তি। অর্থাৎ শাস্তিযোগ্য কাজ। [ফাতহুল কাদীর] এখানে এর অর্থ হতে পারে, পৌত্তলিকতা ও প্রতিমা পূজা। তাছাড়া সাধারণভাবে সকল গোনাহ ও অপরাধ বোঝানোর জন্যও শব্দটি ব্যবহৃত হতে পারে। তাই আয়াতের অর্থ এই যে, প্রতিমা পূজা, শাস্তিযোগ্য কর্মকাণ্ড অথবা গোনাহ পরিত্যাগ করুন। সকল প্রকার ছোট ও বড় অন্যায় ও গুনাহের কাজ পরিত্যাগ করুন। [সা’দী]

তাফসীরে জাকারিয়া

### (৫) অপবিত্রতা বর্জন কর। [1]

[1] অর্থাৎ, মূর্তিপূজা ছেড়ে দাও। এটা আসলে রসূল (সাঃ)-এর মাধ্যমে লোকদেরকে নির্দেশ দেওয়া হচ্ছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5500

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন